

সঙ্গীত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ বদলি, ক্যাম্পাসে ক্ষোভ

গঞ্জ প্রতিবেদক : নগরীর সরকারি সঙ্গীত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মাহফুজা নমকে আকস্মিকভাবে এক সরকারি আদেশে মানিকগঞ্জ সরকারি মহিলা হাবিদ্যালয়ে বদলি করা হয়েছে। সংশ্লিষ্ট অধ্যক্ষ-ছাত্রেরা বলেছেন, ষাট দশকে মপহী ছাত্ররাজনীতির সঙ্গে জড়িত কার দায়ে জেট সরকার তাকে এই জনৈতিক বদলি করেছেন। বদলির ভিত্তিতে গতকাল সংশ্লিষ্ট মহাবিদ্যালয়ের অধ্যক্ষ-কর্মচারীরা ব্যাপক বিক্ষোভ দর্শন করেন।

অধ্যক্ষ মাহফুজা খানমের বদলি প্রক্রিয়ায় সরকারি নির্দেশনামা গত মঙ্গলবার পুর ১টার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এসে গীছায়। গতকাল বুধবার উপাধ্যক্ষ খালিদ হোসেনকে অধ্যক্ষ মাহফুজা খানম তার যিত্ব বুঝিয়ে দেন। আজ বৃহস্পতিবার তার নতুন কর্মস্থলে যোগ দেওয়ার কথা।

অধ্যক্ষ মাহফুজা খানমের এই আকস্মিক বদলি নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের মধ্যে ব্যাপক বিরূপ প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে।

গতকাল অধ্যক্ষ পদ থেকে অব্যাহতি নেওয়ার সময় প্রতিষ্ঠানে এক বেদনাবিধুর পরিবেশের সৃষ্টি হয়। সংশ্লিষ্টরা অধ্যক্ষকে জড়িয়ে কান্নায় ভেঙে পড়েন। এ সময় ছাত্রছাত্রীরা তার পুনর্বহালের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করতে থাকে। তারা সমস্ত শ্রেণী, শিক্ষক ও অফিস কক্ষে তালা মেরে দেন এবং বদলি আদেশ প্রত্যাহার না করা পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখার অঙ্গীকার ব্যক্ত করেন। সংশ্লিষ্ট ছাত্রছাত্রীরা গতকালই তাদের এই দাবি সংবলিত এক স্মারকলিপিও শিক্ষা অধিদপ্তরে পেশ করেন।

আকস্মিক এই বদলি নিয়ে অধ্যক্ষ মাহফুজা খানম ভোরের কাগজকে বলেন, যেহেতু এটি সরকারি আদেশ, তাই সেভাবেই দেখতে চাই। অন্য কোনো দৃষ্টিকোণ থেকে দেখতে চাই না। একই প্রতিক্রিয়ায় তিনি সংশ্লিষ্ট শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদেরও বিষয়টি অন্যভাবে ন দেখার অনুরোধ জানিয়েছেন। তাদের উদ্দেশ্যে তিনি বলেন, যেহেতু সরকারি

● এরপর- পৃষ্ঠা ১১ কলাম-৫

সঙ্গীত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ বদলি

শেষের পাতার পর আদেশ, তাই অন্যভাবে দেখার অবকাশ নেই। শিক্ষামন্ত্রী ওসমান ফারুককে ব্যস্ত করার কারণে বহুবার চেষ্টা করেও সরকারি সঙ্গীত মহাবিদ্যালয়ের অধ্যক্ষের এই বদলি নিয়ে কথা বলা সম্ভব হয়নি। তবে প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ খালিদ হোসেন সংশ্লিষ্ট বদলিকে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে না দেখার জন্য বলেছেন। তিনি বলেছেন, যদিও এই বদলি অপ্রত্যাশিত, তবুও তা অন্যভাবে দেখা ঠিক হবে না।

প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র ও কর্মচারীরা অধ্যক্ষ মাহফুজা খানমের এই আকস্মিক বদলিকে অপ্রত্যাশিত বলে উল্লেখ করেছেন। তারা বলেছেন, এটি এই প্রতিষ্ঠানেরই বিএনপি সমর্থিত শিক্ষকদের ষড়যন্ত্র। প্রতিষ্ঠানে যোগ দেওয়ার পর থেকেই তার বিরুদ্ধে নানা ষড়যন্ত্র শুরু হয়। ভিন্ন ধারার রাজনীতির সঙ্গে সম্পৃক্ত থাকার কারণেই সরকার এই বদলির ঘটনা ঘটায়।

খোজখবর নিয়ে জানা গেছে, অধ্যক্ষ মাহফুজা খানম ১৯৬৬ সালে ছাত্র ইউনিয়ন থেকে নির্বাচিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় সংসদের ভাইস প্রেসিডেন্ট ছিলেন। গত বছরের ১৭ এপ্রিল তিনি সঙ্গীত মহাবিদ্যালয়ে অধ্যক্ষ হিসেবে যোগ দেন।

অধ্যক্ষ মাহফুজা খানমের বদলি আদেশ প্রত্যাহারের দাবিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা আজ নগরীর প্রেসক্লাবে এক বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধন করবেন।